



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০।  
ক্রেডিট বিভাগ



Phone: 9550403 email:dgmlad1@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/৬৫৫(১২০০)

তারিখঃ ১৩/০৯/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।  
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার প্রণোদনা প্যাকেজ যথাযথভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩ এপ্রিল ২০২০ এবং অত্র বিভাগ হতে জারীকৃত সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)/৩(৭)/২০১৯-২০২০/১১১৯(১২৫০) তারিখঃ ২৭/০৪/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলার এর মাধ্যমে নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার কৃষি পুনঃঅর্থায়ন স্কীম (অর্থাৎ “কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কীম”) এর আওতায় ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে অনুসৃত নিয়মাবলী অনুসরণপূর্বক ঋণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার যাবতীয় নির্দেশনা রয়েছে। এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় ঋণ বিতরণ ও পুনঃঅর্থায়ন দাবীকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবেঃ

- (ক) গ্রাহক পর্যায়ে ঋণের সর্বোচ্চ মেয়াদ হবে ঋণ গ্রহণের তারিখ হতে ১৮ মাস (৬ মাস গ্রেস পিরিয়ডসহ)। তবে চলতি মূলধন আকারে ঋণ বিতরণ করা হলে চলতি মূলধন ঋণ নিয়মাতার অনুসরণ করে গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ নির্ধারণ করতে হবে;
- (খ) এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় মঞ্জুরকৃত চলতি মূলধন ঋণ বিতরণ না করে পুনঃঅর্থায়ন দাবী করা যাবে না।
- (গ) এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় ঋণ বিতরণ করে কোনক্রমেই অন্য কোন খাত হতে পুনঃঅর্থায়ন দাবী করা যাবে না এবং অন্য কোন খাতে ঋণ বিতরণ করে এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় পুনঃঅর্থায়ন দাবী করা যাবে না।
- (ঘ) কোনো একক খাতে ব্যাংকের অনুকূলে বরাদ্দকৃত ঋণের ৩০% এর অধিক ঋণ বিতরণ এবং কোন একক উদ্যোক্তা প্রতিষ্ঠানকে এককভাবে ৫.০০ (পাঁচ) কোটি টাকার উর্ধ্বে ঋণ বিতরণ করা যাবে না;
- (ঙ) নির্ধারিত সময়সীমা অর্থাৎ ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে ঋণ বিতরণ করে পুনঃ অর্থায়ন প্রাপ্তির জন্য মাসিক ভিত্তিতে (বিতরণ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে) নির্ধারিত ছকে বিবরণী ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। পুনঃ অর্থায়ন বাবদ প্রেরিত বিবরণীতে ঋণের মেয়াদ অবশ্যই ১৮ মাস বা ১২ মাস উল্লেখ করতে হবে।
- (চ) ঋণ বিতরণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা, অত্র ব্যাংকের বিদ্যমান অনুসৃত ঋণ নীতিমালা যেমন জ্ঞানমত, আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণ সময়কাল, ঋণ গ্রহীতার যোগ্যতা নিরূপন, ঋণ বিতরণ, ঋণের সন্ম্বহন, তদারকি, ও আদায় প্রক্রিয়া যথারীতি অনুসরণ করতে হবে;
- (ছ) এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় ঋণ মঞ্জুরি ও বিতরণে কোন অসংগতি বা নীতিমালার কোন ব্যত্যয় ঘটলে এবং সে কারণে পুনঃঅর্থায়ন দাবীতে ব্যাংক কোনরূপ আর্থিক ক্ষতির সম্মুখীন হলে এর দায় দায়িত্ব শাখার উপর বর্তাবে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-১১১৯(১২৫০) তারিখ ২৭/০৪/২০২০ এবং সার্কুলার লেটার নং-১১৩৫(১২৫০) তারিখ ১০/০৫/২০২০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণের তথ্যাবলী দৈনিক ভিত্তিতে সঠিকভাবে Web Loan Portal এ এন্ট্রি নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)  
ফোনঃ ৯৫৫০৪০৩


বিষয়ঃ নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে  
৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার প্রণোদনা প্যাকেজ যথাযথভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।

নং-প্রকা/ক্রয়বিঃ/শাখা-১/৪(৩৪)/২০২০-২০২১/৬৫৫(১২০০)

তারিখঃ ১৩/০৯/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সঞ্চালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সঞ্চালক উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সঞ্চালক বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সঞ্চালক আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

  
(মোঃ নাজমুল করিম চৌধুরী)  
সহকারী মহাব্যবস্থাপক